



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/3/2025

গভর্নর ক্যাথি হোকল

দীর্ঘ-সময় ধরে দায়িত্বপালনকারী ফ্লাইট প্যারামেডিক কেভিন এম. রবার্টকে সম্মান জানাতে গভর্নর হোকল পতাকা অর্ধনমিত রাখার নির্দেশ দিয়েছেন

*নিউ ইয়র্ক স্টেট জুড়ে বৃহস্পতিবার, 4 সেপ্টেম্বর পতাকা অর্ধনমিত থাকবে*

গভর্নর Hochul (হোকল) আজ নির্দেশ দিয়েছেন যে, গত সপ্তাহে কর্তব্যরত অবস্থায় মারা যাওয়া দীর্ঘ-সময় ধরে দায়িত্বপালনকারী ফ্লাইট প্যারামেডিক Kevin M. Robert (কেভিন এম. রবার্ট)-এর সম্মানে সমস্ত রাষ্ট্রীয় সরকারি ভবনে পতাকা অর্ধনমিত থাকবে। আগামী বৃহস্পতিবার, 4 সেপ্টেম্বর সূর্যোদয় থেকে সূর্যাস্ত পর্যন্ত পতাকা অর্ধনমিত থাকবে।

"Kevin Robert (কেভিন রবার্ট) তার কমিউনিটির প্রতি সেবা প্রদানে নিবেদিত ছিলেন এবং একজন প্যারামেডিক হিসেবে তার কর্মজীবনে অসংখ্য নিউ ইয়র্কবাসীকে প্রয়োজনের সময় সাহায্য করেছেন," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "আজ তার জীবনকে শ্রদ্ধাভরে স্মরণকারী তার প্রিয়জন, সহকর্মী এবং মেকানিকভিল কমিউনিটির প্রতি আমরা গভীর শোক ও সমবেদনা জানাই।"

Kevin (কেভিন) ছিলেন সার্টিফায়েড ফ্লাইট প্যারামেডিক এবং এয়ার মেথড-লাইফ নেট অব নিউ ইয়র্ক (Air Method-Life Net of New York)-এ তিনি 15 বছর ধরে কর্মরত ছিলেন। তিনি মেকানিকভিল জন আহের্ন রেসকিউ স্কোয়াড (John Ahearn Rescue Squad) প্রতিষ্ঠা করেছিলেন এবং ক্লিফটন পার্ক ও হাফমুন ইমার্জেন্সি কর্পস (Clifton Park & Halfmoon Emergency Corps) এবং মাল্টা-স্টিলওয়াটার EMS (Malta-Stillwater EMS)-তেও কাজ করেছেন। এছাড়াও তিনি HVCC-এর প্যারামেডিক প্রশিক্ষক হিসেবে দায়িত্ব পালন করেছেন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে [www.governor.ny.gov](http://www.governor.ny.gov) -এ  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418  
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: [ny.gov/signup](http://ny.gov/signup) | NEW YORK লিখে 81336 নম্বরে  
টেক্সট পাঠান

[আনসাবস্কাইব করুন](#)